

বিকেএসপি'র মহাপরিচালকের অনলাইনে সাধারণ শিক্ষা কার্যক্রম পরিদর্শন



বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের চলমান আগ্রাসনের মাঝেও সরকারী স্বাস্থ্য বিধি অনুসরণ করে স্বল্প পরিসরে চলছে বিকেএসপি'র কার্যক্রম। এ প্রতিষ্ঠানের প্রশিক্ষার্থীরা খেলাধুলার পাশাপাশি সাধারণ শিক্ষা গ্রহণ করে থাকে এবং শিক্ষা বোর্ডের সিলেবাস অনুযায়ী শিক্ষা দান করা হয়। কিন্তু করোনাকালীন সময় অতিবাহিত হবার কারণে প্রশিক্ষার্থীরা সবাই নিজ নিজ ঘরে অবস্থান করছে। তাই শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিকেএসপি'র শিক্ষকগণ অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে প্রশিক্ষার্থীদের লেখা-পড়ার খোঁজ খবর, পাঠদান ও প্রয়োজনীয় পরামর্শ দিয়ে আসছেন। বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. রাশীদুল হাসান আজ সকালে অনলাইন শিক্ষা কার্যক্রম পরিদর্শন করেন এবং কিছু দিক নির্দেশনামূলক পরামর্শ দেন। এ সময় তার সাথে ছিলেন পরিচালক(প্রশিক্ষণ) কর্নেল মো. মাজহারুল হক, কলেজের অধ্যক্ষ লে. কর্নেল মো. হাসানুজ্জামান চৌধুরী ও উপাধ্যক্ষ জনাব আব্দুস সালাম।

